**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 03-05-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) ধর্মনগর বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনের ভোট গণনা আগামীকাল সকাল আটটা থেকে শুরু হবে।**

**(২) আগামীকাল পশ্চিমবঙ্গ, তামিলনাড়ু, কেরলম, আসাম ও কেন্দ্রশাসিত অঞ্চল পুদুচেরি বিধানসভা নির্বাচনেরও ভোটগণনা ।**

**(৩) কৃষিমন্ত্রী রতন লাল নাথ জানিয়েছেন, রাজ্যে এই প্রথমবারের মতো সফলভাবে অর্গানিক পদ্ধতিতে গম চাষ করে কৃষি ক্ষেত্রে এক বড় সাফল্য অর্জিত হয়েছে ।**

**(৪) রাজ্য সরকারের বিভিন্ন দপ্তরে মোট ১১২টি পদে নিয়োগের সিদ্ধান্ত নিয়েছে রাজ্য মন্ত্রীসভা ।**

*******************************************************

## Bye Election– Counting:

ধর্মনগর বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনের ভোট গণনা আগামীকাল সকাল আটটা থেকে শুরু হবে। গণনা হবে ধর্মনগর পি এম শ্রী সরকারি বালিকা উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে। রিটার্নিং অফিসার দেবযানী চৌধুরী আজ এ খবর জানিয়েছেন। তিনি জানান, ভোট গণনা সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য প্রয়োজনীয় সব ধরনের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। গণনা কেন্দ্রে ত্রিস্তরীয় কড়া নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। মোট ১৪টি টেবিলে চার রাউন্ড গণনা হবে। পোস্টাল ব্যালট গননার জন্য একটি পৃথক টেবিল থাকবে।

########Byte Debjani RO########

ধর্মনগর বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনে প্রতিদ্বন্দ্বিতায় রয়েছেন ছয় জন প্রার্থী। তারা হলেন বিজেপি'র জহর চক্রবর্তী, জাতীয় কংগ্রেসের চয়ন ভট্টাচার্য, সি.পি.আই(এম)-এর অমিতাভ দত্ত, আমরা বাঙালী দলের বিভাস রঞ্জন দাস, এস.ইউ.সি.আই সঞ্জয় চৌধুরী এবং নির্দল প্রার্থী ব্রজলাল দেবনাথ।

উল্লেখ্য, গত ৯ এপ্রিল ধর্মনগর বিধানসভা উপনির্বাচনের ভোট গ্রহণ করা হয়। ভোট পড়েছিল ৮০ দশমিক ০৪ শতাংশ। এদিকে, পুলিশের ডিআইজি সঞ্জয় রায় আজ ধর্মনগরের পি এম শ্রী উচ্চতর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে ভোট গণনায় নিরাপত্তা ব্যবস্থা খতিয়ে দেখেন|

**************************

**Dharmanagar- BNSS :**

ধর্মনগর বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনের ভোটগণনা সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে উত্তর ত্রিপুরা জেলার জেলাশাসক তথা জেলা নির্বাচন আধিকারিক ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা ২০২৩-এর ১৬৩ নং ধারা অনুযায়ী গণনাকেন্দ্রের ১00 মিটার এলাকার মধ্যে কিছু বিধি নিষেধ আরোপ করেছেন। এই আদেশ আগামীকাল চৌঠা মে সকাল ৬টা থেকে কার্যকর হবে এবং গণনার কাজ শেষ না হওয়া পর্যন্ত তা বলবৎ থাকবে। এই আদেশ অনুযায়ী সংশ্লিষ্ট এলাকায় দুই চাকার যানবাহন, রিক্সা সহ সমস্ত ধরনের যানবাহন চলাচলের উপর বিধিনিষেধ আরোপ করা হয়েছে। এছাড়াও সংশ্লিষ্ট এলাকায় লাঠি, স্টিক, লোহার রড, বাঁশ, পাথর বহন এবং গণনাকেন্দ্রের ১00 মিটার এলাকার মধ্যে স্বরবর্ধক যন্ত্র ব্যবহার করে যে কোনও ধরনের জমায়েত, পাবলিক মিটিং, রেলি করার উপর বিধিনিষেধ আরোপ করা হয়েছে। তবে গণনার কাজে নিযুক্ত ব্যক্তিগণ, গণনার কাজে নিযুক্ত সিএপিএফ, পুলিশ ও তাদের ব্যবহৃত যানবাহন,

কাউন্টিং এজেন্ট, সংবাদমাধ্যম, ভারতের নির্বাচন কমিশনের জারি করা বৈধ অনুমতিপত্র প্রাপ্ত ব্যক্তি, নির্বাচনী কাজে নিয়োজিত বিভিন্ন গাড়ির চালক ও ক্লিনার, রুটিন সরকারি কাজে নিয়োজিত কোনও সরকারি কর্মচারী অথবা পুলিশ, সি.এ.পি.এফ, সশস্ত্র বাহিনীর সদস্যগণ এবং সরকার অথবা প্রাইভেট আধিকারিকদের রুটিনমূলক কাজ এই বিধিনিষেধের আওতার বাইরে থাকবে। এই আদেশ অমান্যকারীদের বিরুদ্ধে বিএনএস ২০২৩-এর ২২৩ নং ধারা অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে।

**************************

**Counting-ECI:**

আগামীকাল পশ্চিমবঙ্গ, তামিলনাড়ু, কেরলম, আসাম ও কেন্দ্রশাসিত অঞ্চল পুদুচেরি বিধানসভা নির্বাচনের ভোটগণনা হবে। ভোট গননা সুষ্ঠভাবে সম্পন্ন করার জন্য প্রত্যেকটি গননা কেন্দ্রে কড়া নিরাপত্তা ব্যবস্থা গ্রহন করা হয়েছে|

এদিকে, পশ্চিমবঙ্গের দক্ষিণ ২৪ পরগনা জেলার ফলতা বিধানসভা কেন্দ্রে সম্পূর্ণ ভোটগ্রহণ প্রক্রিয়া বাতিল করার মতো এক অভূতপূর্ব পদক্ষেপ নিয়েছে নির্বাচন কমিশন। সহায়ক বুথসহ মোট ২৮৫টি ভোটকেন্দ্রে আগামী ২১শে মে নতুন করে ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে। ভোট গণনা হবে ২৪শে মে। কমিশন জানিয়েছে, ২৯শে এপ্রিলের ভোটগ্রহণের সময় গুরুতর নির্বাচনী অপরাধ এবং গণতান্ত্রিক প্রক্রিয়া ব্যাপকভাবে ব্যাহত হবার খবর পাবার পরই এই সিদ্ধান্ত নেয়া হয়েছে।

**************************

**Child Diabetes:**

সরকার শিশুদের ডায়াবেটিস সংক্রান্ত নির্দেশিকা নথি প্রকাশ করেছে। সম্প্রতি সমাপ্ত ‘জনস্বাস্থ্যসেবা প্রদানে সর্বোত্তম অনুশীলন বিষয়ক জাতীয় শীর্ষ

সম্মেলন’-এ এই নথিটি প্রকাশ করা হয়। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক জানিয়েছে যে, এই নির্দেশিকা নথিটি প্রথমবারের মতো শিশুদের ডায়াবেটিসের স্ক্রিনিং, রোগ নির্ণয়, চিকিৎসা এবং দীর্ঘমেয়াদী ব্যবস্থাপনার জন্য একটি সুসংগঠিত ও মানসম্মত জাতীয় কাঠামো প্রতিষ্ঠা করেছে। আশা করা হচ্ছে, এটি জনস্বাস্থ্যের ক্ষেত্রেও উল্লেখযোগ্য সুফল বয়ে আনবে, যার মধ্যে রয়েছে দ্রুত রোগ নির্ণয়ের ফলে মৃত্যুহার হ্রাস, জটিলতা প্রতিরোধ এবং আক্রান্ত শিশুদের জীবনযাত্রার মানের উন্নতি।

নতুন নির্দেশিকার লক্ষ্য হলো, দ্রুত শনাক্তকরণের জন্য কমিউনিটি ও স্কুল উভয় প্ল্যাটফর্ম ব্যবহার করে জন্ম থেকে ১৮ বছর বয়সী সকল শিশুর সার্বজনীন স্বাস্থ্য পরীক্ষা নিশ্চিত করা। সন্দেহভাজনদের অবিলম্বে রক্তে গ্লুকোজ পরীক্ষা করা হবে এবং নিশ্চিতকরণ ও চিকিৎসার জন্য দ্রুত জেলা স্বাস্থ্যকেন্দ্রে পাঠানো হবে।

*************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে|

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ|

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা|

*************************

**Ratan Lal Nath:**

কৃষিমন্ত্রী রতন লাল নাথ আজ জানিয়েছেন, রাজ্যে এই প্রথমবারের মতো সফলভাবে অর্গানিক পদ্ধতিতে গম চাষ করে কৃষি ক্ষেত্রে এক বড় সাফল্য অর্জিত হয়েছে| তিনি জানান, জিরানিয়া, লেফুংগা, হেজামারা, মান্দাই, বেলবাড়ি, জম্পুইজলা, তুলাশিখর, তেলিয়ামুড়া, অম্পি ও কল্যাণপুরের বিভিন্ন ক্লাস্টারে এই ফসলের চাষ করা হয়েছে।

তিনি আরও জানান, রাজ্যে প্রচলিত পদ্ধতিতে গম চাষের তথ্য অনুযায়ী, ২০১৮-১৯ থেকে ২০২৪-২৫ পর্যন্ত গড় উৎপাদন ছিল প্রায় ২.১১৯ মেট্রিক টন প্রতি হেক্টর। চলতি বছরে অর্গানিক গমের উৎপাদন দাঁড়িয়েছে ৩.০৩ মেট্রিক টন প্রতি হেক্টরে, যা প্রচলিত চাষের তুলনায় উল্লেখযোগ্যভাবে বেশি।

*************************

**Cabinet:**

রাজ্য সরকারের বিভিন্ন দপ্তরে মোট ১১২টি পদে নিয়োগের সিদ্ধান্ত নিয়েছে রাজ্য মন্ত্রীসভা। এর মধ্যে ১০৭টি পদে পরীক্ষার মাধ্যমে এবং ৫টি পদে পদোন্নতির ভিত্তিতে নিয়োগ করা হবে। পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী গতকাল সাংবাদিক সম্মেলনে একথা জানান। তিনি জানান, অর্থ দপ্তরের অধীন ডাইরেক্টোরেট অব ট্রেজারিস অ্যান্ড অ্যাকাউন্টসে ৫০টি সিনিয়র কম্পিউটার অ্যাসিস্টেন্ট (গ্রুপ-সি) পদে নিয়োগ করা হবে। টিপিএসসি-র মাধ্যমে এই নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করা হবে।

সাধারণ প্রশাসন (প্রিন্টিং এবং স্টেশনারি) দপ্তরে ৪৩টি বিভিন্ন টেকনিক্যাল পদে নিয়োগ করা হবে। নির্বাচন দপ্তরে এলডিসি পদে ৬ জন এবং গ্রুপ-ডি পদে

৪ জনকে নিয়োগ করা হবে। কারা দপ্তরে অ্যালোপ্যাথি বিভাগে ৪ জন ফার্মাসিস্ট নিয়োগ করা হবে।

দ্বিতীয় বিশ্বযুদ্ধে শহীদ হয়েছেন রাজ্যের এমন সৈনিকদের বর্তমানে জীবিত ১২ জন স্ত্রীকে ১০ হাজার টাকা মাসিক ভাতা দেওয়া হচ্ছে। গতকাল মন্ত্রীসভার বৈঠকে এই ভাতার পরিমাণ বাড়িয়ে ১৫ হাজার টাকা করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে|

*************************

**Storm Damage- South:**

দক্ষিণ জেলার জেলাশাসক মহম্মদ সাজ্জাদ পি আজ আমাদের দক্ষিন জেলার সংবাদদাতা বিপ্লব বৈদ্যকে জানিয়েছেন, গত কয়েক দিনের ঝড় বৃষ্টিতে দক্ষিন জেলার তিনটি মহকুমায় ঘরবাড়ি, ফসল, রাস্তাঘাটের ক্ষয়ক্ষতির পরিমান নিরুপনের কাজ চলছে। প্রাথমিক রিপোর্ট অনুযায়ী জেলার তিনটি মহকুমায় ৬৮৫টি ঘর ক্ষতিগ্রস্ত হয়েছে। এখন পযন্ত ৪৭৮টি পরিবারকে ৪৫ লাখ ১ হাজার ৭৮২ টাকা বিপর্যয় মোকাবিলা তহবিল থেকে প্রদান করা হয়েছে।

*************************

**Fire Safety Week:**

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক, সমস্ত রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চল এবং সংশ্লিষ্ট কেন্দ্রীয় মন্ত্রক ও বিভাগগুলির সহযোগিতায়, দেশের স্বাস্থ্যকেন্দ্রগুলিতে অগ্নি ঝুঁকি প্রতিরোধ ও প্রশমনের গুরুত্ব সম্পর্কে সচেতনতা বৃদ্ধির জন্য আগামীকাল থেকে সর্বভারতীয় 'অগ্নি সুরক্ষা সপ্তাহ' পালন করা হবে।কেন্দ্রীয় স্বাস্থ্য সচিব পুণ্য সলিলা শ্রীবাস্তব আগামীকাল অগ্নি সুরক্ষা সপ্তাহের উদ্বোধন করবেন এবং নয়াদিল্লির কর্তব্য ভবনে স্বাস্থ্যকেন্দ্রগুলিতে অগ্নি সুরক্ষার শপথবাক্য পাঠ করাবেন। এই কার্যক্রম চলাকালীন রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলগুলি

সচেতনতামূলক প্রচার, মহড়া, সক্ষমতা বৃদ্ধি উদ্যোগ এবং অগ্নি সুরক্ষা বিধি প্রচার সহ বিভিন্ন ধরনের কার্যক্রম গ্রহণ করবে।

**************************

**North-East Under 14 Cricket:**

দ্বিতীয় উত্তরপূর্ব লিটল মাস্টার অনূর্ধ্ব ১৪ বছরের ছেলেদের ক্রিকেটের সেমিফাইনালের লাইনআপ চূড়ান্ত হয়েছে। ৫ মে হবে আসরের দুটি সেমিফাইনাল। এমবিবি স্টেডিয়ামে আসাম খেলবে মণিপুরের বিরুদ্ধে এবং পুলিশ ট্রেনিং একাডেমি মাঠে স্বাগতিক ত্রিপুরা খেলবে মিজোরামের বিরুদ্ধে।

**************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সবকটি জেলায় ঘন্টায় ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া সহ ভারী বৃষ্টির সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। এদিকে, ভারতীয় আবহাওয়া বিভাগের পক্ষ থেকে বলা হয়েছে আগামী ৬ই মে পর্যন্ত রাজ্যের বিভিন্ন স্থানে ঝড়ো হওয়া সহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে| রাজ্যে আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৯.৮ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২০.৫ ডিগ্রি সেলসিয়াস। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৯ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২১ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। বিকেল সাড়ে পাঁচটা পর্যন্ত আগরতলায় বৃষ্টিপাতের পরিমান ৩১.২ মিলিমিটার।

**************************

**************************